# Sanatan Dharma




**সদ্গুরু করণের পর সদ্গুরু ত্যাগ মহা-মহাপাপ**

শাস্ত্রমতে সদ্গুরু করণের পর সদ্গুরু ত্যাগ মহা-মহাপাপ

শাস্ত্রসম্মত 24 থেকে 32 লক্ষণযুক্ত সদ্গুগুরুকেই একমাত্র প্রথম থেকেই গুরু হিসাবে গুরুকরন করবে
(শাস্ত্রীয় 24 থেকে 32 লক্ষণ ছাড়া অন্য কোন কিছু দেখে সদ্ গুরু বিচার করা নিষিদ্ধ। একমাত্র শাস্ত্রীয় 24 থেকে 32 টি লক্ষণ যুক্ত ব্যক্তিকেই সদ্গুরু বলে বিচার করা অতি আবশ্যক, এছাড়া অন্য কোনভাবে অথবা অন্য কোন কিছু আচার-আচরণ, পোশাক পরিচ্ছদে ব্যবহার বিধি বা বিবিধ প্রকার ব্যবহারিক অনুষ্ঠান দেখে সদ্গুরু বিচার করা নিষিদ্ধ করা আছে শাস্ত্রে) –তাহলে ভবিষ্যতে কখনোই গুরুকরণের পর আধ্যাত্মিক পরম উন্নতির জন্য পুনরায় গুরুত্যাগ করার প্রয়োজন পড়বে না। কোন আশ্রমযুক্ত অথবা কোনসম্প্রদায়যুক্ত অথবা গৃহস্থ অথবা সন্ন্যাসী অথবা বৈষ্ণব বা শক্তি উপাসক বা যেকোনো উপাসকই হোন না কেন শাস্ত্রসম্মত 24 থেকে 32 লক্ষণহীন ব্যক্তিকে গুরু হিসেবে গুরুকরণ না করায় অবশ্যই শ্রেয়,অর্থাৎ যাহার মধ্যে প্রত্যক্ষ সাধনার ফলে শাস্ত্রসম্মত 24 থেকে 32 টি লক্ষণের মধ্যে লক্ষণযুক্ত তার কাছেই একমাত্র গুরুকরণ করা উচিত।

Published on: Jan, 31 2023 14:56

তাই শাস্ত্র অনুসারে জীবনে পূর্ব-পূর্ব জন্মের সৌভাগ্যক্রমে যদি কোন ব্যক্তির শাস্ত্রসম্মত 24 থেকে 32 টি লক্ষণের মধ্যে লক্ষণযুক্ত সদ্গুগুরু প্রাপ্তি হয়. এবং সেই প্রাপ্তির পরেও যে ব্যক্তি মতবিভ্রম বা কুবুদ্ধি বা কামনা বা প্রবৃত্তি/ভৌতবাদে আসক্তিবশত যদি কেউ সদ্গুরু করণের পর সদ্গুরু ত্যাগ করে সে অবশ্যই বহুজন্মএবং কোটি যুগ পর্যন্ত নিপাতে যায়. এবং দুঃখময়. নরক যন্ত্রণা ভোগ করে। কিন্তু শাস্ত্র বিধান অনুসারে শাস্ত্রসম্মত 24-32 লক্ষণযুক্ত সদ্গুরু করণের পর সদ্গুরু ত্যাগ অবশ্যই মহা-মহাপাপ বলে কথিত আছে।

গুরুত্যাগাদ্ ভবেন্মৃত্যু মন্ত্রত্যাগাদ্দরিদ্রতা ।
গুরু-মন্ত্রপরিত্যাগাদ্ রৌরবং নরকং ব্রজেৎ ।।

(মেরুতন্ত্র কুলার্ণবতন্ত্র)

গুরু ত্যাগ করলে মৃত্যু হয়,মন্ত্র ত্যাগ করলে দরিদ্রতা হয় । গুরু ও মন্ত্র ত্যাগ করলে 'রৌরবং নরকং ব্রজেৎ' রৌরব নরকে গমন করে ।

প্রতিপদ্য গুরুং যস্তু মোহাদ্ বিপ্রতিপদ্যতে ।
যুগকোটি স নরকে পচ্যতে পুরুষাধমঃ ।।

(বরাহপুরাণ)

যে ব্যক্তি গুরুবরণ করিয়া মোহবশে তাঁহাকে ত্যাগ করে সেই পুরুষাধম কোটিযুগ পর্য্যন্ত নরক ভোগ করে ।

Published on: Jan, 31 2023 14:56